DOI: http://dx.doi.org/10.58666/iab ISSN: 1813-0372 E-ISSN: 2518-9530

# ইসলামী আইন ও বিচার

বর্ষ : ২০ সংখ্যা : ৭৭
জানুয়ারি-মার্চ : ২০২৪

Journal of Islamic Law and Justice
مجلة القانون والقضاء الإسلامي
ত্রৈমাসিক গবেষণা পত্রিকা
www.islamiainobichar.com

INDEXED BY

Google Scholar, JOURNALS MASTER LIST, ROAD, OJS, Crossref, doi, ISSN INTERNATIONAL STANDARD SERIAL NUMBER INTERNATIONAL CENTRE

বাংলাদেশ ইসলামিক ল' রিসার্চ এন্ড লিগ্যাল এইড সেন্টার

ISLAMI AIN O BICHAR
ইসলামী আইন ও বিচার
বর্ষ : ২০ সংখ্যা : ৭৭

প্রকাশনায় : বাংলাদেশ ইসলামিক ল' রিসার্চ এন্ড লিগ্যাল এইড সেন্টার-এর পক্ষে মোঃ শহীদুল ইসলাম

প্রকাশকাল : জানুয়ারি-মার্চ : ২০২৪

যোগাযোগ : বাংলাদেশ ইসলামিক ল' রিসার্চ এন্ড লিগ্যাল এইড সেন্টার
৫৫/বি, পুরানা পল্টন, নোয়াখালী টাওয়ার
স্যুট-১৩/বি, লিফ্‌ট-১২, ঢাকা-১০০০
ফোন : ০২-২২৩৩৫৬৭৬২, ০১৭৬১-৮৫৫৩৫৭
e-mail: islamiainobichar@gmail.com
web: www.islamiainobichar.com

সম্পাদনা বিভাগ : ০২-২২৩৩৫৬৭৬২
E-mail : editor@islamiainobichar.com

বিপণন বিভাগ : ফোন : ০২-২২৩৩৫৬৭৬২
মোবাইল : ০১৭৬১-৮৫৫৩৫৭
E-mail : islamiclaw_bd@yahoo.com
web: www.ilrcbd.org

অলংকরণ : আলমগীর হোসাইন

দাম : ১৫০ টাকা US $ 10

Published by Md. Shohidul Islam on behalf of Bangladesh Islamic Law Research and Legal Aid Centre. 55/B, Purana Paltan, Dhaka-1000, Bangladesh. Printed at Al-Falah Printing Press, Maghbazar, Dhaka. Price Tk. 150 US $ 10

[জার্নালে প্রকাশিত লেখার সকল তথ্য, তত্ত্ব ও মতামতের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট লেখক/ গবেষকগণের। কর্তৃপক্ষ বা সম্পাদনার সাথে সংশ্লিষ্ট কেউ প্রকাশিত তথ্য, তত্ত্ব ও মতামতের জন্য দায়ী নন।]

# ইসলামী আইন ও বিচার

ত্রৈমাসিক গবেষণা পত্রিকা


**প্রধান সম্পাদক**
প্রফেসর ড. মুহাম্মদ আবদুল মাবুদ

**ভারপ্রাপ্ত সম্পাদক**
প্রফেসর ড. আহমদ আলী

**নির্বাহী সম্পাদক**
মোঃ শহীদুল ইসলাম

**সহকারী সম্পাদক**
ড. মুহাম্মদ রুহুল আমিন রব্বানী

**উপদেষ্টা পরিষদ**

**প্রফেসর ড. এম. কবির হাসান**
নিউ অরলিন্স বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র

**প্রফেসর ড. সৈয়দ সিরাজুল ইসলাম**
লেকহেড বিশ্ববিদ্যালয়, কানাডা

**প্রফেসর ড. হাবিব আহমেদ**
ডারহাম বিশ্ববিদ্যালয়, যুক্তরাজ্য

**প্রফেসর ড. মুহাম্মদ আমানুল্লাহ**
আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় মালয়েশিয়া

**প্রফেসর ড. মুহাম্মদ ইসমাঈল**
আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়, ভারত

**ড. আবূ উমার ফারুক আহমদ**
কিং আব্দুল আযীয বিশ্ববিদ্যালয়, সৌদী আরব

**ড. মুহাম্মদ সাইদুল ইসলাম**
নানওয়াং টেকনলোজি বিশ্ববিদ্যালয়, সিঙ্গাপুর

**ড. আব্দুল্লাহ এম নোমান**
সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অফ নর্থ ক্যারোলিনা
পেমব্রুক, যুক্তরাষ্ট্র

**সম্পাদনা পরিষদ**

**প্রফেসর ড. বেগম আসমা সিদ্দীকা**
আইন ও বিচার বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

**প্রফেসর ড. মুহাম্মদ আব্দুর রশীদ**
ইসলামিক স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

**প্রফেসর ড. আ. ক. ম. আবদুল কাদের**
আরবী বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**প্রফেসর ড. মাহফুজুর রহমান**
আরবি ভাষা ও সাহিত্য বিভাগ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া

**প্রফেসর ড. মোঃ সিরাজুল ইসলাম**
দর্শন ও তুলনামূলক ধর্ম বিভাগ
বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, ভারত

**ড. মুহাম্মদ মসিহুর রহমান**
অধ্যাপক, আরবি বিভাগ
আলিয়া বিশ্ববিদ্যালয়, ভারত

**ড. মোহাম্মদ মানজুরে ইলাহী**
সহযোগী অধ্যাপক, ইসলামিক স্টাডিজ বিভাগ
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর


## প্রবন্ধকারের জ্ঞাতব্য

ইসলামী আইন ও বিচার পত্রিকা (ISSN-1813-0372/ E-ISSN- 2518-9530) বাংলাদেশ সরকার কর্তৃক নিবন্ধিত (রেজি. নংঃ DA-6100) একটি ত্রৈমাসিক একাডেমিক রিসার্চ জার্নাল। যা ২০০৫ সাল থেকে প্রতি তিন মাস অন্তর নিয়মিত প্রকাশিত হচ্ছে। এ জার্নালে প্রকাশিতব্য প্রবন্ধের বৈশিষ্ট্যাবলি নিম্নরূপঃ

* **প্রবন্ধের বিষয়বস্তুঃ** এ জার্নালে ইসলামের অর্থনীতি, সমাজনীতি, রাষ্ট্রনীতি, আইনতত্ত্ব, বিচারব্যবস্থা, ব্যাংক, বীমা, আধুনিক ব্যবসায়-বাণিজ্য, ফিক্‌হশাস্ত্র, ইসলামী আইন, মুসলিম শাসকদের শাসন ও বিচারব্যবস্থা, মুসলিম সমাজ ও বিশ্বের সমসাময়িক সমস্যা ও এর ইসলামী সমাধান এবং তুলনামূলক আইনী ও ফিক্‌হী পর্যালোচনামূলক প্রবন্ধকে গুরুত্ব দেয়া হয়।
* **পাণ্ডুলিপি তৈরিঃ** পাণ্ডুলিপি অবশ্যই লেখক/লেখকগণের মৌলিক গবেষণা (Original Research) হতে হবে। অন্যের লেখা থেকে গৃহীত উদ্ধৃতির পরিমাণ প্রবন্ধের একচতুর্থাংশের কম হতে হবে। যৌথ রচনা হলে আলাদা পৃষ্ঠায় লেখকগণের কে কোন অংশ রচনা করেছেন বা প্রবন্ধ প্রণয়নে কে কতটুকু অবদান রেখেছেন তার বিবরণ দিতে হবে।
* **প্রবন্ধের ভাষা ও বানান রীতিঃ** প্রবন্ধটি বাংলা ভাষায় রচিত হতে হবে। তবে প্রয়োজনে ভিন্ন ভাষার উদ্ধৃতি প্রদান করা যাবে। প্রবন্ধ রচনার ক্ষেত্রে বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানান রীতি অনুসরণ করতে হবে, তবে আরবী শব্দের ক্ষেত্রে ইসলামী ভাবধারা অক্ষুণ্ন রাখা যাবে।
* **প্রবন্ধের কাঠামোঃ** প্রবন্ধের শুরুতে প্রবন্ধের উদ্দেশ্য, ব্যবহৃত গবেষণা পদ্ধতি ও গবেষণান্তে প্রাপ্ত ফলাফল সম্পর্কে ইঙ্গিত দিয়ে ১০০-১৫০ শব্দের মধ্যে একটি সারসংক্ষেপ (Abstract) থাকতে হবে। সারসংক্ষেপের অব্যবহিত পরে সর্বাধিক ৫টি মূলশব্দ (Keywords) উল্লেখ করতে হবে। অতঃপর প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম ও পদবী, সারসংক্ষেপ এবং মূলশব্দের ইংরেজি অনুবাদ দিতে হবে। প্রবন্ধে ভূমিকা, উপসংহার ও গ্রন্থপঞ্জিও উল্লেখ থাকতে হবে।
* **উদ্ধৃতি উপস্থাপনঃ** এ পত্রিকায় তথ্যনির্দেশের জন্য Chicago Manual of Style এর Author-Date পদ্ধতি অবলম্বনে ইন-টেক্সট উদ্ধৃতি ও গ্রন্থপঞ্জি থাকতে হবে। ব্যবহৃত তথ্যসূত্র ও গ্রন্থপঞ্জি ইংরেজি প্রতিবর্ণায়নে উল্লেখ করতে হবে।
* **প্রবন্ধ জমাদান প্রক্রিয়াঃ** পাণ্ডুলিপি বিজয় কী-বোর্ড এর SutonnyMJ অথবা ইউনিকোড কী-বোর্ড এর Solaimanlipi ফন্টে কম্পিউটার কম্পোজ করে ইসলামী আইন ও বিচার জার্নালের নিজস্ব ওয়েব সাইট www.islamiainobichar.com এ গিয়ে প্রদত্ত নির্দেশনার আলোকে আপলোড করতে হবে। বিকল্প হিসেবে প্রবন্ধের সফট কপি জার্নালের ই-মেইলে (islamiainobichar@gmail.com) পাঠানো যেতে পারে।
* **প্রকাশের জন্য লেখা নির্বাচনঃ** জমাকৃত প্রবন্ধ প্রকাশের জন্য কমপক্ষে দু'জন বিশেষজ্ঞ দ্বারা পিয়ার রিভিউ (Double Blind Peer Review) করানো হয়। রিভিউ রিপোর্ট এবং সম্পাদনা পরিষদের মতামতের ভিত্তিতে প্রবন্ধ প্রকাশের জন্য চূড়ান্ত করা হয়।
* **লেখা প্রকাশঃ** প্রকাশের জন্য নির্বাচিত প্রবন্ধ জার্নালের যে কোন সংখ্যায় প্রিন্ট ও অনলাইন উভয় ভার্সনে প্রকাশিত হয়।

প্রবন্ধ রচনার বিস্তারিত নীতিমালা জার্নালের ওয়েব সাইট www.islamiainobichar.com-এ দেখা যাবে।

# সূচিপত্র

**সম্পাদকীয়** ..............................................................................................৬

**অমুসলিম দেশে মুসলিমদের জাতীয়তা ও নাগরিকত্ব গ্রহণ : একটি ফিকহী পর্যালোচনা ৯-৩৪**
মিসবাহ উদ্দিন

**আধুনিক আর্থিক লেনদেনে ক্রিপ্টোকারেন্সির আইনসিদ্ধতা : ইসলামী আইনে এর প্রাসঙ্গিকতা ও প্রযোজ্যতা নিরূপণ ৩৫-৫৬**
মাহাদী হাসান
মাহমুদুল আহছান

**ইসলাম ও প্রচলিত আইনে খনিজ সম্পদের ব্যবহার নীতি : একটি তুলনামূলক পর্যালোচনা ৫৭-৮২**
মোঃ বুরহানুদ্দীন

**শান্তিপূর্ণ সমাজ গঠনে ইহসান-এর চর্চা : ইসলামের আলোকে একটি পর্যালোচনা ৮৩-১০৪**
আবদুছ ছবুর মাতুব্বর

**মানবাধিকারের সর্বজনীন নীতি ও ইসলামের মানবাধিকার নীতি : একটি বিশ্লেষণ ১০৫-১৩৪**
ড. মোহাম্মদ রেজাউল হোসাইন

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

## সম্পাদকীয়

আলহামদুলিল্লাহ। মহান আল্লাহর অশেষ মেহেরবাণীতে ইসলামী আইন ও বিচার জার্নালের ৭৭ তম সংখ্যা প্রকাশিত হলো। এবারের সংখ্যায় সমসাময়িক ফিকহী বিষয়ের উপর পাঁচটি প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

শুরুতেই রয়েছে "অমুসলিম দেশে মুসলিমদের জাতীয়তা ও নাগরিকত্ব গ্রহণ: একটি ফিকহী পর্যালোচনা" শীর্ষক প্রবন্ধ। উক্ত প্রবন্ধে মুসলিম কর্তৃক অমুসলিম রাষ্ট্রে জাতীয়তা ও নাগরিকত্ব গ্রহণের বিভিন্ন কারণ ও বাস্তবতা উপস্থাপন করা হয়েছে। আধুনিক সময়ে বিশ্বায়নের প্রভাব ও জাতিরাষ্ট্রের বাস্তবতায় এ বিষয়টি খুবই সাধারণ ঘটনায় পরিণত হয়েছে। সাধারণত বিভিন্ন পার্থিব সুযোগ-সুবিধা লাভ ও রাজনৈতিক কারণ এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাবক হিসেবে কাজ করে। প্রবন্ধ পাঠের মাধ্যমে পাঠক অমুসলিম দেশে নাগরিকত্ব গ্রহণ ও স্থায়ীভাবে বসবাসের ক্ষেত্রে শরয়ী নির্দেশনা, এবং ক্লাসিক ও আধুনিক বিশেষজ্ঞ ফকীহগণের অভিমত এবং তাঁদের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিভিন্ন দিক সম্পর্কে অবহিত হবেন।

একবিংশ শতাব্দীতে প্রযুক্তির অগ্রগতির সাথে সাথে মানুষের লেনদেনে বিভিন্ন পরিবর্তন সংঘটিত হয়েছে। "আধুনিক আর্থিক লেনদেনে ক্রিপ্টোকারেন্সির আইনসিদ্ধতা: ইসলামী আইনে এর প্রাসঙ্গিকতা ও প্রযোজ্যতা নিরূপণ" শীর্ষক প্রবন্ধে অনলাইন প্রযুক্তির বদৌলতে প্রচলিত মুদ্রাব্যবস্থার উপর ক্রিপ্টোকারেন্সির ক্রমশঃবিস্তৃত প্রভাব সম্পর্কে আলোকপাত করা হয়েছে। বিগত দশকগুলোতে ক্রিপ্টোকারেন্সির বিষয়টি বিশেষজ্ঞ ফকীহদের দৃষ্টি আকর্ষণে সমর্থ হয়েছে, ফলে তাঁরা বিভিন্ন আঙ্গিকে ক্রিপ্টোকারেন্সির শরয়ী হুকুম নির্ণয়ে প্রয়াস পেয়েছেন। প্রবন্ধ পাঠের মাধ্যমে ক্রিপ্টোকারেন্সি সম্পর্কে আধুনিক ফকীহদের চিন্তাবৈচিত্র্য সম্পর্কে জানা যাবে।

"ইসলাম ও প্রচলিত আইনে খনিজ সম্পদের ব্যবহার নীতি: একটি তুলনামূলক পর্যালোচনা" শীর্ষক প্রবন্ধে প্রাকৃতিক সম্পদ হিসেবে খনিজ সম্পদের তাৎপর্যপূর্ণ ভূমিকা ও অবদান সম্পর্কে আলোচনা উপস্থাপন করা হয়েছে। মানুষ আর্থ-সামাজিক প্রয়োজনেই খনিজ সম্পদ ব্যবহারে সচেষ্ট হয়। আল্লাহ প্রদত্ত এই নিয়ামতকে আমানত হিসেবে সংরক্ষণ ও যথাযথ ব্যবহার করার মাধ্যমেই অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করা সম্ভব। প্রবন্ধের মাধ্যমে পাঠক দেশের সার্বিক উন্নয়নে ইসলামী দিকনির্দেশনা অনুযায়ী খনিজ সম্পদের ইনসাফপূর্ণ বণ্টন, আহরণ ও ব্যবহারের গুরুত্ব সম্পর্কে জানতে পারবেন।

অন্যের প্রতি সম্মান ও সহমর্মিতা ওপর ভিত্তি করে একটি সুন্দর ও শান্তিপূর্ণ সমাজ গড়ে ওঠে। "শান্তিপূর্ণ সমাজ গঠনে ইহসান-এর চর্চাঃ ইসলামের আলোকে একটি পর্যালোচনা" শীর্ষক প্রবন্ধে কুরআন-হাদীসের নির্দেশনা উল্লেখের মাধ্যমে সমাজের প্রতিটি স্তরে ইহসানের প্রয়োজন ও গুরুত্বের বিষয়টি উপস্থাপন করা হয়েছে। প্রবন্ধ পাঠের মাধ্যমে পাঠক নিজ থেকে শুরু করে সমাজের অন্যান্য সদস্যদের প্রতি ইহসান করতে উদ্বুদ্ধ হবেন বলে আশা করা যায়।

আমরা বর্তমানে একটি বৈশ্বিক ক্রান্তিকাল অতিক্রম করছি। মানুষ হিসেবে প্রাপ্য শারীরিক, মানসিক, সামাজিক ও অর্থনৈতিক অধিকারসমূহ আমাদের চোখের সামনেই প্রতিনিয়ত লুণ্ঠিত হচ্ছে। এই যুগ-সন্ধিক্ষণে প্রচলিত মানবাধিকারের বিভিন্ন বিষয় নিয়ে নতুন করে চিন্তা ভাবনা করা দরকার। "মানবাধিকারের সর্বজনীন নীতি ও ইসলামের মানবাধিকার নীতি : একটি বিশ্লেষণ" শীর্ষক প্রবন্ধে মানবাধিকারের ইসলামী দৃষ্টিভঙ্গীর পাশাপাশি জাতিসংঘ ঘোষিত সর্বজনীন মানবাধিকার নীতিমালার বিভিন্ন বিষয়ের পর্যালোচনা উপস্থাপন করা হয়েছে। প্রবন্ধের মাধ্যমে পাঠক অবগত হবেন যে, ইসলামী মূল্যবোধের ওপর ভিত্তি করে যে মানবাধিকার প্রতিষ্ঠিত, তার মাধ্যমেই মানুষের জীবন, সম্পদ, সম্মান, সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত হতে পারে এবং সত্যিকার অর্থেই বৈশ্বিক শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠা হতে পারে।

ইসলামী আইন ও বিচার জার্নালের ৭৭ তম সংখ্যায় প্রকাশিত প্রবন্ধগুলো অত্যন্ত সময়োপযোগী ও গুরুত্বপূর্ণ। আশা করি প্রবন্ধগুলো থেকে সর্বস্তরের পাঠকগণ সমৃদ্ধ হবেন এবং বরাবরের ন্যায় এবারের সংখ্যাটিও সকলের কাছে আদৃত হবে।

মহান আল্লাহ এ প্রচেষ্টাকে কবুল করুন।

**- প্রধান সম্পাদক**